



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ অক্টোবর' ২০২৩ খ্রি.

চট্টগ্রামে শিক্ষাবিপ্লব ঘটান নুর আহমদ: মেয়ার রেজাউল

চট্টগ্রাম পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার মাধ্যমে মিউনিসিপ্যালিটির সাবেক চেয়ারম্যান নুর আহমদ চট্টগ্রামে শিক্ষাবিপ্লব ঘটান বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মরহুম নুর আহমদের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়ার বলেন, মরহুম নুর আহমদ ১৯২১ সালে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান নির্বাচিত হন এবং ১৯৫৪ সাল পর্যন্ত একটানা ৩৩ বছর দায়িত্ব পালন করেন। শিক্ষার আলোকে চট্টগ্রামে ছড়িয়ে দিতে ১৯২৭ সালে চট্টগ্রাম পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করেন। ১৯২৮ সালে মেয়েদের জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করে তিনি প্রতি এলাকায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের এক পরিকল্পনা গ্রহণ করেন। পৌরসভা পরিচালিত অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের দায়িত্বপালন ও পাঠদান নিশ্চিত করার জন্য পৌরসভায় স্কুল পরিদর্শক নিয়োগ করেন তিনি। তাঁর প্রচেষ্টায় অবিভক্ত বাংলায় চট্টগ্রাম পৌর এলাকা শিক্ষার হারে সর্বোচ্চ স্থান লাভ করে, চট্টগ্রামে ঘটে শিক্ষাবিপ্লব।

সভায় বক্তব্য রাখেন সমাজকল্যাণ স্থায়ী কমিটির সভাপতি কাউপিলর আবদুস সালাম মাসুম, কাউপিলর হাসান মুরাদ বিপ্লব, গোলাম মোহাম্মদ চৌধুরী, আবুল হাসনাত মো. বেলাল, প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রানা, উপ-সচিব আশেক রসুল টিপু।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮